



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
শাখা-০৬ (ভোকেশনাল-১)
www.techedu.gov.bd
এফ-৪/বি, আগারগাঁও, শেরেবাংলা নগর,
ঢাকা-১২০৭।

স্মারক নম্বর: ৩৭.০৩.০০০০.০২৪.০১.০০১.১৮.১২৪৪

তারিখ: ১৮ আশ্বিন ১৪২৫

০৩ অক্টোবর ২০১৮

বিষয়: জনাব মোঃ মোসলেম উদ্দিন আহমেদ, সহকারী কাম স্টোর কিপার এর অবসর উত্তর ছুটি ও প্রাপ্য ছুটির
বিনিময়ে এককালীন আর্থিক মঞ্জুরী প্রসঙ্গে।

সূত্র: ৩৭.০৩.৭৩০০.০০৩.০১.০১০.১৮/৪৮১ তারিখ: ৩১/০৭/২০১৮ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানান যাচ্ছে যে, নীলফামারী টেকনিক্যাল স্কুল ও কলেজের প্রাক্তন সহকারী কাম স্টোর কিপার জনাব মোঃ মোসলেম উদ্দিন আহমেদ এর জন্ম তারিখ ০৪/০১/১৯৫৩ খ্রিঃ হলেও তিনি চাকুরীতে প্রবেশের সময় এফিডেভিটকৃত জন্ম তারিখ ০৪/০১/১৯৫৬ খ্রিঃ অনুযায়ী চাকুরীতে প্রবেশের সুবিধা গ্রহণ করে জন্ম তারিখ ০৪/০১/১৯৫৬ খ্রিঃ অনুসরণ পূর্বক দুই পর্যায়ে অতিরিক্ত মোট ০৫ (পাঁচ) বছর অধিক চাকুরী করার সুবিধা গ্রহণ করেন।

২। উক্ত বিষয়ে অধিদপ্তরের পরিচালক (ভোকেশনাল) কে তদন্ত করার জন্য দায়িত্ব প্রদান করা হয়। তিনি গত ১৪/১২/২০১৭ খ্রিঃ তারিখে তাঁর নিজ অফিস কক্ষে প্রাক্তন সহকারী কাম স্টোর কিপার জনাব মোঃ মোসলেম উদ্দিন এর ব্যক্তিগত গুনানী, সাক্ষ্য প্রমাণ ও পরিপত্র পর্যালোচনা পূর্বক তদন্ত কার্য সম্পন্ন করে একটি তদন্ত প্রতিবেদন দাখিল করেন।

৩। প্রতিবেদনে জনাব মোঃ মোসলেম উদ্দিন আহমেদ তাঁর অতিরিক্ত চাকুরীর সময়কাল ০৪/০১/২০১১ তারিখের পর হতে ০৩/০১/২০১৫ খ্রিঃ তারিখ পর্যন্ত উত্তোলিত বেতন ভাতা আদায়ের ব্যবস্থা করা অথবা পেনশন বাবদ প্রাপ্য অর্থ হতে তা সমন্বয় করার জন্য সুপারিশ করেন।

৪। নীলফামারী টেকনিক্যাল স্কুল ও কলেজ হতে জনাব মোঃ মোসলেম উদ্দিন আহমেদ এর প্রেরিত লাম্পগ্রান্ট প্রস্তাবের ইএলপি সি সনদ অনুযায়ী তার নিকট ১০,১৫,৭৩৩/- (দশ লক্ষ পনের হাজার সাতশত তেত্রিশ) টাকা পাওনা রয়েছে মর্মে জানা যায়।

৫। এমতাবস্থায়, তদন্ত প্রতিবেদনের সুপারিশ এবং এ অধিদপ্তরের স্মারক নং- ৩৭.০৩.০০০০.০৪০.২৭. ৪৬৬.১/১০৭ তারিখ: ৩০/০১/২০১৮ মোতাবেক প্রেরিত পত্রের নির্দেশনা অনুযায়ী জনাব মোঃ মোসলেম উদ্দিন আহমেদ এর নিকট অতিরিক্ত সময়কাল চাকুরী করার বেতন ভাতাদি বাবদ উত্তোলিত ১০,১৫,৭৩৩/- টাকা আদায়ের বিষয়ে তিনি কি ব্যবস্থা গ্রহণ করেছেন তাঁর একটি প্রতিবেদন আগামী ০৭ (সাত) কার্য দিবসের মধ্যে দাখিলের জন্য অনুরোধ করা হল।

স্মারক নম্বর: ৩৭.০৩.০০০০.০২৪.০১.০০১.১৮.১২৪৪/১


৪-১০-২০১৮

ড. মো: নূরুল ইসলাম
পরিচালক

অধ্যক্ষ, নীলফামারী টেকনিক্যাল স্কুল ও কলেজ,
নীলফামারী।

স্মারক নম্বর: ৩৭.০৩.০০০০.০২৪.০১.০০১.১৮.১২৪৪/১

তারিখ: ১৮ আশ্বিন ১৪২৫
০৩ অক্টোবর ২০১৮

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, নীলফামারী।

✓ ২) সংযুক্ত কর্মকর্তা, ই.এম.আই.এস.সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, তাকে অত্র পত্রখানা অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল।

৩) মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৪) জনাব মোঃ মোসলেম উদ্দিন আহমেদ, প্রাক্তন- সহকারী কাম টাইপিষ্ট, নীলফামারী টেকনিক্যাল স্কুল ও কলেজ। স্থায়ী ঠিকানাঃ জনাব. মোঃ মোসলেম উদ্দিন আহমেদ, গ্রাম-মুছিখালী, ডাকঘর-পীরগাছা, উপজেলা-গাবতলী, জেলাঃ বগুড়া।

৫) সংরক্ষণ নথি।



৪-১০-২০১৮

মোহাম্মদ সাজজাদ মুফতী
সহকারী পরিচালক